153

দৈনিক জনকণ্ঠ

09 MAY 1997

তারিখ 09 MAY 1997

পৃষ্ঠা 1 কলাম 8

# ৫ বোর্ডে এইচএসসি পরীক্ষা শুরু ॥ অসদুপায় অবলম্বনের দায়ে ৪ হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত

**স্টাফ রিপোর্টার** ॥ দেশের পাঁচটি শিক্ষাবোর্ডের এইচএসসি পরীক্ষা কিছু বিচ্ছিন্ন সন্ত্রাসী ঘটনা ছাড়া বৃহস্পতিবার শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষার প্রথম দিনেই বিভিন্ন বোর্ডে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে প্রায় চার হাজার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বৃহস্পতিবার ছিল ইংরেজী প্রথম পত্র পরীক্ষা। পরীক্ষাকালে দেশের বিভিন্ন স্থান থেকে উত্তরপত্র ছিনতাই, শিক্ষক ও সরকারী কর্মকর্তাকে মারধর এবং বিভিন্ন কলেজ ভাংচুরের ঘটনা ঘটেছে বলে জনকণ্ঠের স্থানীয় সংবাদদাতাগণ জানিয়েছেন।

কঠোর নিরাপত্তামূলক ব্যবস্থার মধ্যে বৃহস্পতিবার এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রশ্নপত্র ফাঁসসহ কোন প্রকার বিশৃঙ্খল ঘটনা যাতে না ঘটতে পারে সরকার সে বিষয়ে পূর্বেই যাবতীয় ব্যবস্থা গ্রহণ করে। কেননা, গত মার্চ মাসে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস হয়ে গেলে সরকারকে বিব্রতকর অবস্থায় পড়তে হয়। জানা গেছে, প্রচণ্ড গরম ও লোডশেডিংয়ের কারণে বিভিন্ন কেন্দ্রে ছাত্রছাত্রীদের দুর্ভোগ পোহাতে হয়। গ্রামাঞ্চলের কলেজগুলোতে লোডশেডিংয়ের পরিমাণ বেশি ছিল। শেষ খবর পাওয়া পর্যন্ত পরীক্ষার প্রথমদিনে ঢাকা বোর্ড থেকে এক হাজার ৮২ জন, কুমিল্লা বোর্ড থেকে ৩৩১ জন, রাজশাহী বোর্ড থেকে এক হাজার দু'শ' ৮২ জন, যশোর বোর্ড থেকে ৪শ' ১৩ জন এবং চট্টগ্রাম বোর্ড থেকে ১শ' ৬০ জনকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়।

আমাদের কুমিল্লা সংবাদদাতা জানান, শিক্ষামন্ত্রী এএমএইচকে সাদেক আকস্মিকভাবে বৃহস্পতিবার জেলার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন। মন্ত্রী চৌদ্দগ্রাম

(১১-এর পৃঃ দেখুন)



রাজধানীতে এইচএসসি'র একটি পরীক্ষা কেন্দ্র —জনকণ্ঠ

## ৫ বোর্ডে

(প্রথম পাতার পর)

সরকারী কলেজ এবং চৌয়ারা আদর্শ ডিগ্রী কলেজের ভিতরে-বাইরের অব্যবস্থা দেখে অসন্তোষ প্রকাশ করেন। মন্ত্রীর উপস্থিতিতে কলেজ দু'টি থেকে ৪ বস্তা নকল উদ্ধার করা হয়। এ ছাড়া ব্রাহ্মণবাড়ীয়া পৌর কলেজ কেন্দ্রে নকল করতে না দেয়ায় পরীক্ষা শেষে বহিরাগতরা অধ্যক্ষের কক্ষ ভাংচুর করে।

বরিশাল থেকে স্টাফ রিপোর্টার জানান, শহরের সিটি কলেজ কেন্দ্রে নকল সরবরাহকে কেন্দ্র করে ছাত্র-পুলিশ সংঘর্ষ হয়েছে। এতে একজন ছাত্র আহত হয়। এ ছাড়া মহিলা কলেজ কেন্দ্র পরীক্ষার্থীরা ভাংচুর করেছে। সিটি কলেজ কেন্দ্রে একাউন্টিং বিভাগের একজন শিক্ষককে নকল সরবরাহ করতে দেখা গেছে। গলাচিপা (পটুয়াখালী) সংবাদদাতা জানন, গলাচিপা কলেজে নকল সরবরাহকারীদের সাথে পুলিশের সংঘর্ষ হয়। সংঘর্ষে রনজিত রায় নামে একজন শিক্ষক আহত হন। ছাত্ররা শিক্ষকদের দু'টি আবাসিক ভবন ও কলেজের দরজা-জানালা ভাংচুর করে।

নেত্রকোনা সংবাদদাতা জানান, নেত্রকোনা সরকারী কলেজ কেন্দ্রে একজন পরীক্ষার্থী বাইরে থেকে খাতা লিখে এনে জমা দিতে গেলে পরিদর্শক অধ্যাপক মাহবুবুর রহমান খাতা নিতে অস্বীকার করলে তাঁকে বেদম প্রহার করা হয়। তাঁকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। অপরদিকে তেলিগাতি কলেজে একজন বহিষ্কৃত ছাত্র জেলা পরিষদ সচিব মোঃ সোলায়মানকে নাজেহাল করে। বহিষ্কৃত নূরুল হুদাকে গ্রেফতার করা হয়েছে। লক্ষ্মীপুর সংবাদদাতা জানান, জেলার রামগতি থানার আলেকজান্ডার কলেজ কেন্দ্রে কতিপয় উচ্ছৃঙ্খল পরীক্ষার্থী ও বহিরাগত অতর্কিতভাবে পরীক্ষা কেন্দ্রে আক্রমণ চালিয়ে ১৫টি উত্তরপত্র ছিনিয়ে নেয়। তারা কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের গাড়ি ভাংচুর করে।

সিরাজগঞ্জ সংবাদদাতা জানান, জেলার সদর থানার বাগবাটি পরীক্ষা কেন্দ্রে পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে সংঘর্ষে ২ জন পুলিশসহ ২১ জন আহত হয়েছে। সংঘর্ষকালে পুলিশ টিয়ার গ্যাস নিক্ষেপ করে। এ সময় ছাত্ররা টিএনও'র গাড়ি ও কলেজের অধ্যক্ষের অফিস ভাংচুর করে। অন্যদিকে বৃহস্পতিবার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা শুরু হয়। পরীক্ষাকালে তিনটি শ্রেণীর প্রায় ৫শ' ছাত্রকে বহিষ্কার করা হয়েছে বলে জানা গেছে।